



রূপপুরের প্রথম ইউনিটে নিয়ন্ত্রিত পারমাণবিক বিক্রিয়া শুরু



ছবি: সংগৃহীত

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটে প্রথমবারের মতো নিয়ন্ত্রিত পারমাণবিক বিক্রিয়া শুরু হয়েছে। রোববার (১১ অক্টোবর) প্রকল্প পরিচালক ড. মো. কবীর হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

এদিকে, রাশিয়ার রাষ্ট্রীয় পারমাণবিক সংস্থা রোসাটমের মহাপরিচালক আলেক্সেই লিখাচেভ আশা প্রকাশ করেছেন, চলতি বছরের নভেম্বরের শেষ দিকে এ ইউনিট থেকে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু হতে পারে। তাঁর বক্তব্য অনুযায়ী, ২০ নভেম্বরের পর থেকে মাসের শেষ নাগাদ উৎপাদন শুরুর সম্ভাবনা রয়েছে।

এর আগে গত ২৮ এপ্রিল রোসাটমের প্রকৌশল বিভাগ কেন্দ্রটির প্রথম ইউনিটে পারমাণবিক জ্বালানি হিসেবে ইউরেনিয়াম স্থাপনের কাজ শেষ করে।

বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে ২০১১ সালে স্বাক্ষরিত আন্তর্জাতিক চুক্তির ভিত্তিতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হচ্ছে। দুটি ইউনিট নিয়ে গঠিত এই কেন্দ্রের মোট উৎপাদনক্ষমতা ২ হাজার ৪০০ মেগাওয়াট। কেন্দ্রটি পূর্ণাঙ্গভাবে চালু হলে দেশের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বাড়ানোর পাশাপাশি জ্বালানি নিরাপত্তায়ও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।